

ইন্টারনেট সংযোগ দু'ধরনের হয়। ডায়াল-আপ ও ব্রডব্যান্ড। এর মধ্যে প্রথমটির সংযোগ নিতে হয় ল্যান্ড ফোনের মাধ্যমে এবং পরেরটির সংযোগ সরাসরি ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারেরা দিয়ে থাকে। ডায়ালআপ সংযোগ আবার তিন ধরনের হয়। পোস্টপেইড, প্রি-পেইড ও আনলিমিটেড এক্সেস।

বর্তমানে ঢাকায় অগ্নি, বোল, বিজয়, প্রশিকানেট, স্পেকট্রা, র্যাংস, সাইবার এক্স, আফতাব, ডেফোডিল ইত্যাদি অনেক কোম্পানীই ইন্টারনেট সংযোগ দিচ্ছে। পছন্দমত যে কোন প্রোভাইডারের কাছ থেকে ইন্টারনেট সংযোগ নিতে পারেন। ডায়ালআপ সংযোগের জন্য ল্যান্ড ফোন লাইন ছাড়াও ফ্যাক্স মডেম প্রয়োজন হয়। যে কোন কম্পিউটারের দোকানে ইন্টারনাল বা এক্সটারনাল মডেম কিনতে পাওয়া যায়। মডেমটি ল্যান্ড ফোন লাইনের সাথে সংযুক্ত করে নিতে হবে। প্রি-পেইড সংযোগের ক্ষেত্রে সংযোগ ফ্রি। তবে পোস্ট পেইড সংযোগের জন্য ২০০ থেকে ৫০০ টাকা সংযোগ ফি দিতে হয়।

পোস্টপেইড সংযোগের ক্ষেত্রে প্রতি মাসের শেষে বিল পরিশোধ করতে হয়। সাধারণত প্রতি মিনিট ইন্টারনেট ব্যবহারের জন্য ১০ থেকে ৮০ পয়সা মূল্য প্রদান করতে হয়। এ ক্ষেত্রে বিভিন্ন প্রোভাইডার বিভিন্ন ধরনের প্যাকেজ সুবিধা দিয়ে থাকে। যেমন- সকাল ৮টা



। কি কেন কিভাবে।

ইন্টারনেট সংযোগ

ইন্টারনেটের জন্য সাইবার ক্যাফে কিংবা অফিসের কম্পিউটার আর নয়। কম খরচেই আমরা বাসায় নিতে পারি ইন্টারনেট সংযোগ। অনেকগুলো নেট প্রোভাইডার রয়েছে শহরে...

লিখেছেন সাইমন মহসিন এবং শামীম সুফী

সাধারণত ৩০ টাকা থেকে শুরু করে ১০০০ টাকা পর্যন্ত মূল্যের প্রি-পেইড কার্ড পাওয়া যায় এবং কার্ডের মেয়াদ থাকে এক বছর। এক্ষেত্রে প্রতি মিনিটে খরচ পড়ে ২৫ থেকে ৫০ পয়সা।

আনলিমিটেড টাইম স্লট সংযোগের ক্ষেত্রে প্রোভাইডারকে প্রতি মাসে একটি নির্দিষ্ট পরিমাণ টাকা প্রদান করলে আপনি একমাসের জন্য প্রতিদিন একটি নির্দিষ্ট সময় নেট ব্রাউজ করতে পারবেন। এ ক্ষেত্রেও বিভিন্ন প্রোভাইডারের সময়সীমা ভাগ করা থাকে। সময়সীমা সাপেক্ষে মাসিক বিলেরও ভিন্নতা থাকে। যদি ২৪ ঘণ্টা নেট ব্যবহার করতে চান তাহলে ১২০০-১৫০০ টাকা। ১২ ঘণ্টার জন্য ৭০০ থেকে ১২০০ টাকা, ৬ ঘণ্টার জন্য ৫০০-৭০০ টাকা ও ৪ ঘণ্টার জন্য ৩০০ থেকে ৫০০ টাকা প্রতি মাসে প্রোভাইডারকে দিতে হবে। ডায়াল আপ ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে আপনি যতক্ষণই নেটে থাকুন না কেন, প্রতিবার সংযোগের জন্য আপনাকে টেলিফোন বিল দিতে হবে মাত্র ২টাকা ১০ পয়সা।

ব্রডব্যান্ড সংযোগের ক্ষেত্রেও একটি নির্দিষ্ট পরিমাণ টাকা

প্রোভাইডারকে দিতে হয়। তবে ডায়ালআপের তুলনায় ব্রডব্যান্ড সংযোগ সুবিধাজনক। সাধারণত বিল ৩ থেকে ৭ হাজার টাকা হয়ে থাকে। ব্রডব্যান্ড সংযোগের জন্য প্রয়োজন এডিএসএল বা এসডিএসএল মডেম। এগুলোও আপনি সার্ভিস প্রোভাইডার বা কম্পিউটার সামগ্রীর দোকান থেকে কিনতে পারবেন। ব্রডব্যান্ড সংযোগের জন্য ল্যান্ড ফোনের কোন প্রয়োজন নেই। এজন্য সার্ভিস প্রোভাইডারের সার্ভার থেকে আপনার কম্পিউটারের দূরত্ব যতটুকু, সেই পরিমাণ তার বা কেবল কিনতে হবে। এটা প্রোভাইডারের কাছ থেকে কেনা ভালো। যার মূল্য ৫ থেকে ৭ টাকা প্রতি মিটার। সাধারণত ব্রডব্যান্ড সংযোগের জন্য ৩০০০ থেকে ৫০০০ টাকা সংযোগ ফি দিতে হয়।

ব্রডব্যান্ড সংযোগ এখন বিভিন্ন সাইবার ক্যাফে বা কম্পিউটারের দোকান থেকেও পাওয়া সম্ভব। এ ক্ষেত্রে আপনাকে 'মডেমের' পরিবর্তে একটি 'ল্যান্ড কার্ড' কিনতে হবে, যার মাধ্যমে আপনি সেই দোকান বা সাইবার ক্যাফের ব্যবহৃত ইন্টারনেট সংযোগ শেয়ার করতে পারবেন। এসব সাইবার ক্যাফে বা দোকান থেকে আপনি মাসিক ৩০০ থেকে ১৫০০ টাকা বাবদ ব্রডব্যান্ডের সংযোগ পেতে পারেন।

নেট ব্রাউজ করার জন্য আপনার কম্পিউটারে অবশ্যই ইন্টারনেট এক্সপ্রোয়ার, মোজিলা ফায়ার ফক্স, অপেরা, নেটস্কেপ নেভিগেটর বা অন্য কোন ব্রাউজার সফটওয়্যার থাকতে হবে।

ফ্যাক্স মডেমের মূল্য : ৫০০ টাকা থেকে ২০০০ টাকা।
এডিএসএল মডেম : ৪ হাজার ৫০০ থেকে ১০ হাজার টাকা
এসডিএসএল মডেম : ৪ হাজার ৫০০ টাকা থেকে ১৫ হাজার টাকা
ল্যান্ডের মূল্য : ২৫০ থেকে ৫০০ টাকা।



থেকে রাত ৮টার মধ্যে ব্রাউজ করলে মিনিট প্রতি ৮০ পয়সা, রাত ৮টা থেকে রাত ১০টার মধ্যে ব্যবহার করলে মিনিট প্রতি ৭০ পয়সা, রাত ১০টা থেকে রাত দুটোর মধ্যে ব্রাউজ করলে মিনিট প্রতি ৫০ পয়সা, আবার রাত ২টা থেকে সকাল ৮টার মধ্যে ব্যবহার করলে মিনিট প্রতি ২০ পয়সা ইত্যাদি। অর্থাৎ আপনি কোন সময় ও কতক্ষণ নেট ব্যবহার করছেন তার ওপর বিলের পরিমাণ নির্ভর করবে।

প্রি-পেইড সংযোগের ক্ষেত্রে যে কোন প্রোভাইডারের কার্ড কিনে আপনি নিজেই একটি একাউন্ট খুলতে পারেন। কার্ড কেনার সময় নতুন ব্যবহারকারীর জন্য সার্ভিস প্রোভাইডার নির্দেশনা সম্বলিত যে লিফলেটটি প্রদান করে সেটি অনুসরণ করতে হবে। এরপরও কোন অসুবিধার সম্মুখীন হলে আপনি সরাসরি সার্ভিস প্রোভাইডারকে ফোন করুন তারা আপনার জন্য একটি একাউন্ট খুলে দিবে। প্রায় সব ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারই ২৪ঘণ্টা কাস্টমার কেয়ার দিয়ে থাকে।

বিভিন্ন সার্ভিস প্রোভাইডারের ফোন নম্বর

আফতাব- ৯৩৩৪০৯১
ইনটেক- ৯৫৫৩৯৭৬
জি লিংক- ৮৩১৪১৯৩
টেকওয়াল্ড-৯৫৫৩৭৮৩
গণফোন- ৮৮১৯০০০
আইএসএন- ৮৩২২৭৮৫
এইচআরসি- ৮৮১৮৯১৫
গ্রামীন সাইবারনেট -
৮৮১২১০৩-০৮
প্রশিকানেট- ৮০১২৭১৭